

Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 01 May, 2025

বাজি ধরে নির্জলা পাঁচ বোতল মদ গিলে ফেলেছিলেন ভারতের এক তরুণ। বাজিতে জিতলেও জীবনের বাজিতে হেরে গেছেন ২১ বছরের ওই তরুণ। বাজি জেতার কিছুক্ষণ পরেই স্থানীয় একটি হাসপাতালে তাঁর মৃত্যু হয়। ঘটনাটি ঘটেছে ভারতের কর্ণাটক রাজ্যের কোলার জেলায়। ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে।

প্রতিবেদনে বলা হয়েছে, ১০ হাজার রুপির বাজি ধরে পাঁচ বোতল মদ গিলেছিলেন ২১ বছর বয়সী যুবক কার্তিক। তবে বাজি জিতলেও মর্মান্তিক পরিণতি হয়েছে তাঁর। বন্ধুদের কার্তিক বলেছিলেন, তিনি পানি না মিশিয়েই আস্ত পাঁচ বোতল পান করতে পারেন। তাঁর বন্ধু ভেক্টা রেডিড বলেছিলেন, পারলে তিনি কার্তিককে ১০ হাজার রুপি দেবেন।

কার্তিক পাঁচ বোতল মদ দ্রুতই খেয়ে ফেলেন। এর কিছুক্ষণ পরই তিনি গুরুতর অসুস্থ হয়ে পড়েন। পরে তাঁকে কোলার জেলার মুলাবাগলির একটি হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেই চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। কার্তিক মাত্র এক বছর আগে বিয়ে করেছিলেন এবং মাত্র আট দিন আগেই তাঁর স্ত্রী সন্তান জন্ম দিয়েছেন।

এ ঘটনায় নাগালি থানায় ছয়জনের বিরুদ্ধে মামলা হয়েছে। এদের মধ্যে ভেক্টা রেডিড ও সুব্রমণিও রয়েছেন। তাঁদের দুজনকেই গ্রেপ্তার করা হয়েছে। বাকি অভিযুক্তদের খুঁজছে পুলিশ।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) তথ্য অনুযায়ী, প্রতিবছর প্রায় ২৬ লাখ মানুষ মদ্যপানের কারণে মারা যান। বিশ্বজুড়ে মোট মৃত্যুর ৪ দশমিক ৭ শতাংশই হয় মদের কারণে।

ডব্লিউএইচও বলছে, অ্যালকোহল সেবনের কোনো ‘নিরাপদ’ মাত্রা নেই। অ্যালকোহল সেবনের এমন কোনো মাত্রা চিহ্নিত করা সম্ভব নয়, যার নিচে অসুস্থতা বা আঘাতের কোনো ঝুঁকি নেই।

ডব্লিউএইচওর নতুন বিবৃতিতে স্পষ্ট বলা হয়েছে, বর্তমানে প্রাপ্ত প্রমাণে এমন কোনো সীমা নির্ধারণ করা যায় না, যেখানে অ্যালকোহলের ক্যানসার সৃষ্টিকারী প্রভাবগুলো ‘চালু’ হয় বা মানবদেহে প্রকাশ পেতে শুরু করে। ২০২৩ সালের একটি প্রতিবেদনে বলা হয়েছে, এমন কোনো গবেষণা নেই যা প্রমাণ করে যে হালকা বা পরিমিত মদ্যপানের সম্ভাব্য উপকারী প্রভাব (যেমন হৃদরোগ বা টাইপ ২ ডায়াবেটিসের ক্ষেত্রে) একই পরিমাণ মদ্যপানের সঙ্গে যুক্ত ক্যানসারের ঝুঁকির চেয়ে বেশি।

ডব্লিউএইচও ইউরোপের আঞ্চলিক কার্যালয়ের অসংক্রামক রোগ ব্যবস্থাপনা এবং অ্যালকোহল ও অবৈধ মাদক বিভাগের ভারপ্রাপ্ত ইউনিট প্রধান ড. কারিনা ফেরেইরা-বর্গেস ব্যাখ্যা করেছেন, ‘আমরা তথাকথিত নিরাপদ স্তরের অ্যালকোহল ব্যবহার সম্পর্কে কথা বলতে পারি না। আপনি কতটা পান করছেন তা বিবেচ্য নয়। যেকোনো অ্যালকোহলযুক্ত পানীয়ের প্রথম ফোঁটা থেকেই পানকারীর স্বাস্থ্যের ঝুঁকি শুরু হয়। আমরা শুধু নিশ্চিতভাবে বলতে পারি যে আপনি যত বেশি পান করবেন, তা তত বেশি ক্ষতিকারক হবেন অথবা অন্য কথায়, আপনি যত কম পান করবেন, তা তত বেশি নিরাপদ।’

ভারত মদ মৃত্যু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:22

URL: <https://www.timestodaybd.com/public/international/7758071710>